

কবিতা

কল্পর্ষি বন্দ্যোপাধ্যায়

শিরোনামহীন কবিতাগুলি - ১

১

মালবিকার সাথে কলহপ্রবণ সন্ধ্যা মনে পড়ে
টি-শার্টের ফাঁকে বর্তুল স্তনের আভা
ভালো লাগে বলে
সাদা-কালো ভোরবেলাকার স্বপ্নে
উত্থিত বাহু মালবিকার শার্ট
পেঁয়াজের খোসার মতো খুলে যায়
অসম্ভব চোখের কাজল রেখা
এইভাবে খোলা
প্রতিষ্ঠানবিরোধী স্বপ্নে
কত শত প্রপাত ঘটে যায়

২

একটি ছুরিকা আর পুরুষাঙ্গে
তফাৎ সম্ভব নয়
যা কিছু হত্যার পরে চালনা নিষ্ফল হয়
হায়, মালবিকা, ঘৃণা করে তাকে
জানিয়েছে, বিবাহ বিচ্ছেদের পরে
চা -পান করানোর অছিলায়

৩

যে কোন শ্রমের কাছে
তোমার নখের রঞ্জন
অশ্লীলতা মনে হয়
মনে হয়, গলা টিপে ধরি

৪

যে গান শোনে না কেউ
জেনো তাও নিষ্ফলা নয়
পাখিরা গানের শেষে
কবে করে শ্রোতার প্রত্যাশা
সহসা আলোকপ্রাপ্ত কবিদের নিয়ে
কোনো আলোচনা নয়
ওইদিকে পানশালা
ওই দেখো অন্ধকারে
গন্ধহীন পুষ্প ফুটে আছে

৫

যেরূপ স্বর্গীয় হর্ষ অনূদিত হয়
প্রকৃত কবিতা পাঠে এবং সঙ্গমে
তদ্রূপ বিষাদের ছায়া
যদি করে গ্রাস, জীব- মহীরুহ
জীবন সঙ্গীতময়, অনুরণনের মতো
তোমার সমস্ত লেখা আমার রচনা

শিরোনামহীন কবিতাগুচ্ছ - ২

১

প্রেম নয় , আবার অপ্রেমও নয়
হয়তোবা অতিকায় নিঃসম্পর্ক
আত্মতৃপ্ত অজগর রক্তের ভিতরে শুয়ে আছে
দিন যায় আমাদের, শীতের ভিতর দিয়ে

২

গ্রন্থের প্রকৃত কাছে আসা আর
হয়না কখনো, নিবিড় প্রেমিক যারা
প্রতিবাদী যারা ছিল ইতিহাসে
নীল মিশরের দেশে, কিম্বা ধরো

গাঙ্গেয় উপত্যকায়, উজ্জ্বল তারার মতো
স্পর্ধায় বেঁচে থাকতে চেয়ে

মৃতের ফলকগুলি ক্রমে
গ্রহের গভীরে ডুবে যায়

৩

কিছুই লাগেনা ভালো আর
যেখানেই যাই অবচেতনার মতো
মুখ্য ব্যবস্থাপক সঙ্গে সঙ্গে যায়

৪

তোমাকে বাসিনি ভালো
শুধু তন্ময় মুহূর্তগুলি
লিখে লিখে রেখেছি খাতায়
পিপাসার মধ্যে একদিন ডুবে যাবো বলে

মাধবী

মাধবী, সহজ লতা, ফুলেদের জটিলতা ক্রমে
জীবনে এসেছে
আক্রমণে প্রেমের বশে, ছিঁড়েছি তোমার পাতা
মাধবী, হত্যার পর, বৃতির বেদনা যেন
আমাকে বিঁধেছে
মাধবী, গ্রহের টানে, অনেক ভ্রমণ হল
এ বছরে প্রেম হল আমাদের, যার-পর-নেই
হিন্দিতে
অভিজ্ঞতাগুলি, আরব সাগর জলে
মিশে আছে
মাধবী, সহজ লতা, জটিলতা থেকে শুধু ফুলগুলি
তুলে নিতে চায়

স্বীকারোক্তি

হত্যার ফ্যাসাদে জাগি স্ত্রীলোকের বাসি বিছানায়
জাগি আমি প্রতিদিন সান্ধ্য আজকাল


শ্যাম

সিসের অক্ষর জিভে, যাই তথ্যের গভীরে আরও
 জনে জনে বন্ধুদের বলি 'ডেকোনা আমাকে আর
 সবাকব আনন্দ সন্ধ্যায়'
 গুণহত্যা মনে পড়ে, মনে আসে চক্রান্তের আলো
 চলেছে বাঘের পিঠে ইহ ভরসঙ্কেকাল
 নারীর হত্যায় জেগে প্রতিটি মৈথুন কালে
 কথা বলি নিচু মনে, অসহায় নিজেকে জাগাই
 তুমি তো তপতী পাল, তাল তাল সোনা
 ইশারা লাস্যের মতো, মাংস অবয়ব
 ব্যথা ও সৌন্দর্যের মাঝে
 দু'-এক কলম লিখি এই কথা পাপ আর অপরাধ
 পুলিশের মতো

Copyright © 2019

Kalparshi Bandopadhyay

Published 1st Nov, 2019



কল্পর্ষি বন্দ্যোপাধ্যায়-য়ের জন্ম ১৯৭১য়ে। প্রাণীবিদ্যার স্নাতক, বর্তমানে কর্পোরেট চাকুরে। লেখালিখির শুরু একদম ১৯৯০য়ের প্রথম দিনগুলোতে। মূলত বিজ্ঞপতেই অঙ্গ কবিতা ছাপা হয়েছে কল্পর্ষির, এছাড়াও লিখেছেন কবিতা পাক্ষিক, সংক্রমণ, মুহূর্ত, ঋতভাষ এবং আরো অনেক ৯ দশকের কাগজে, এবং দেশ ও মনোরমা পত্রিকায়। অনুবাদ করেছেন কল্পর্ষি, কিছু ইংরিজি লেখা ছাপা হয়েছে ভারতীয় ইংরিজি ভাষার কবি জয়ন্ত মহাপাত্র নির্বাচিত সানডে টেলিগ্রাফ এবং আরো অন্যান্য কাগজে। প্রকাশিত কবিতা গ্রন্থিকা তিনটি - তথ্যচিত্র (১৯৯৬), ব্যাথা নিরোধক চাঁদ (২০০০) এবং যে গান শোনেনা কেউ (২০১৭)।